

পাঠশালায় যাওয়া আর বই-পড়া, এই দুয়ের হাত ধরে কীভাবে অপূর নিজস্ব জগতের নির্মাণ হতে থাকে, নিজের ভাষায় বুঝিয়ে লেখো। ১০

৩. ‘গণদেবতা’ উপন্যাসে রাজনৈতিক প্রসঙ্গ, দ্বন্দ্ব, বিক্ষোভ আছে। কিন্তু গ্রাম তার পুরোনো বিশ্বাস ও সংস্কার নিয়ে জেগে থাকে। সেই বিশ্বাস ও সংস্কারে যে বিন্দুমাত্র চিড় ধরে না, তার পরিচয় উপন্যাসে অবলম্বনে বিবৃত করো। ১০

অথবা

‘দুর্গা’ তারাক্ষরের অসামান্য সৃষ্টি। এরকম চরিত্র তারাক্ষরের অনেক উপন্যাসে আছে। কিন্তু ‘দুর্গা’ যেন অন্যরকম। – দুর্গা চরিত্র বিশ্লেষণ সূত্রে মন্তব্যটি বিচার করো। ১০

৪. ‘পুতুলনাচের ইতিকথা’য় একাধিক সম্পর্ক বয়নের ছবি আছে, কিন্তু মতি-কুমুদ সম্পর্ক অন্যান্য সম্পর্কগুলোকে ছাড়িয়ে ছাপিয়ে গেছে – ব্যাখ্যা করো। ১০

অথবা

‘পুতুলনাচের ইতিকথা’র শুরুতে রয়েছে বজ্রপাতের প্রসঙ্গ। এই ‘বজ্রপাত’ যেন নিয়তির রূপ ধরে উপন্যাসের কাহিনি বৃত্তকে নিয়ন্ত্রিত করেছে। উপন্যাসে অবলম্বনে আলোচনা করো। ১০

— X —

কলাস্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৮  
(তৃতীয় বর্ষ, ষষ্ঠ সিমেস্টার)

বাংলা

বিশ শতকের বাংলা উপন্যাস

কোর্স ইউ.জি - ৬.২

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. পিয়ারী বাইজী, রাজলক্ষ্মী, লক্ষ্মী, বন্ধুর মা – একই মানুষকে এমন অসংখ্য পরিচয়ে দেখার মধ্য দিয়ে শ্রীকান্তের যে পরিচয়টি তৈরি হয় তা সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

শ্রীকান্ত – ইন্দ্রনাথের বন্ধুত্ব বিচ্ছেদ কেন অনিবার্য হয়ে উঠেছিল বলে তোমার মনে হয়? এই বিচ্ছেদের পর উপন্যাসে ইন্দ্রনাথের অনুপস্থিতিকে তুমি কীভাবে দেখবে লেখো। ১০

২. ‘এই তো সে গ্রাম ছাড়িয়া চলিয়াছে!... যাওয়া তার সবে আরম্ভ হইল, এইবার হয়তো সে-সব দেশ, স্বপ্ন দেখা সে অপূর্ব জীবন।’ নিশ্চিন্দীপুর ছেড়ে চলে যাওয়ার মুহূর্তে এইভাবে খুশি হয়ে উঠেছিল অপু। নিশ্চিন্দীপুরের সঙ্গে তার সম্পর্ক আসলে পথ ও পিছুটানের টানাপোড়েনে জটিল। এ বিষয়ে তোমার মতামত দাও। ৫

অথবা